

“ছেলে হোক, মেয়ে হোক,  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

## পরিপত্র

স্মারক নং-পপ/প্রশা-১/বিবিধ-৩০৩/২০১৪/৬২৬

তারিখ : ২২ মাঘ, ১৪২৫  
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের চাকুরী স্থায়ীকরণ।

রাজস্ব খাতে নিয়োগপ্রাপ্ত পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিভিন্ন ইউনিট, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন কার্যালয় ও প্রতিষ্ঠানে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর চাকুরী স্থায়ীকরণ কার্যক্রম বিধি মোতাবেক সহজে সম্পাদন করার নিমিত্তে দ্বিতীয় শ্রেণির গেজেটেড কর্মকর্তা ও ননগেজেটেড কর্মচারী (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ ও নিয়োগপত্রে প্রদত্ত শর্তের আলোকে নিম্নলিখিত নীতিমালা প্রণয়ন করা হলো। প্রতিটি আবেদনপত্র স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে নিম্নবর্ণিত কাগজপত্রসহ অগ্রায়ন করতে হবে। কোন অবস্থাতেই অসম্পূর্ণ আবেদন অগ্রায়ন করা যাবে না।


### ক) নবনিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে :

- প্রত্যেক আবেদনকারীর স্ব স্ব আবেদন।
- তৃতীয় শ্রেণির ক্ষেত্রে আবেদনের অব্যবহিত পূর্বের ০৫ (পাঁচ) বছর পর্যন্ত হালনাগাদ বার্ষিক গোপনীয় প্রতিবেদন।
- আবেদনকালীন নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট হতে বিভাগীয় মামলা চলমান/অপেক্ষমান নেই/আছে এবং চাকুরী সন্তোষজনক মর্মে প্রত্যয়ন।
- নিয়োগপত্র।
- যোগদানপত্র গৃহীত হওয়ার স্বপক্ষে প্রমাণক।
- পুলিশি তদন্ত প্রতিবেদন।
- সকল প্রমাণকের অনুলিপি অবশ্যই নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
- অস্পষ্ট অথবা অনুলিখিত কোনো বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও নিয়োগপত্রের শর্তসমূহ প্রযোজ্য হবে।

### খ) পদোন্নতির মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে :

- প্রত্যেক আবেদনকারীর স্ব স্ব আবেদন।
- আবেদনের অব্যবহিত পূর্বের ০৫ (পাঁচ) বছর পর্যন্ত হালনাগাদ বার্ষিক গোপনীয় প্রতিবেদন।
- পদোন্নতির আদেশের কপি।
- পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানপত্র গৃহীত হওয়ার স্বপক্ষে প্রমাণক।
- আবেদনকালীন নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট হতে বিভাগীয় মামলা চলমান/অপেক্ষমান নেই/আছে এবং চাকুরী সন্তোষজনক মর্মে প্রত্যয়ন।
- সকল প্রমাণকের অনুলিপি অবশ্যই নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
- অস্পষ্ট অথবা অনুলিখিত কোনো বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও নিয়োগপত্রের শর্তসমূহ প্রযোজ্য হবে।

মহাপরিচালক মহোদয়ের. অনুমোদনক্রমে।

  
(মোঃ রমজান আলী)

যগ্নাসচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

ও

পরিচালক (প্রশাসন)

ফোন নং- ৯১৪৬১২৮।

স্মারক নং-পপ/প্রশা-১/বিবিধ-৩০৩/২০১৪/৬২৬/৬

তারিখ : ২২ মাঘ, ১৪২৫  
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর (.....), এ অধিদপ্তর।
- ২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ..... বিভাগ।